



আভ্যন্তরীণ নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ নিম্নলিখিত পদের নামের পার্শ্বে উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির অফিসের জন্য শূন্য একটি পিয়ন পদ পূরণের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক	পদের নাম ও বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	অফিস সহায়ক টাকা ৮,২৫০-২০,০১০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫)	১(এক)টি	প্রার্থীকে এস.এস.সি./সমমান পাশ হতে হবে। প্রার্থীর বয়স কমপক্ষে ১৮ বছর হতে হবে। প্রার্থীর সাইকেল চালানোর অভিজ্ঞতা এবং বিভিন্ন অফিসে চিঠিপত্র বিলি করার অভিজ্ঞতা থাকতে হবে।

রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে প্রদেয় ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট, এক কপি পাসপোর্ট সাইজের ছবি এবং সাদা কাগজে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জন্ম তারিখ, জাতীয়তা, অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখ পূর্বক পরীক্ষা পাশের সার্টিফিকেট, প্রশংসাপত্র ও নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত অনুলিপি সহ উপ-রেজিস্ট্রার, উপাচার্যের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০ বরাবরে লিখিত দরখাস্ত আগামী ০৫/০৮/২০১৮ তারিখের মধ্যে উপাচার্যের অফিসে পৌঁছাতে হবে। এই তারিখের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করতে হবে।

উল্লেখ্য, আবেদনকারীদের অবশ্যই আবেদনপত্রে তার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রী উল্লেখ করতে হবে। আবেদনপত্রে কোন তথ্য গোপন/উল্লেখ না করলে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেয়া হবে। এছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হবে না।

এছাড়া, ২০১৪ সনে এই অফিস সহায়ক (পিওন) পদের জন্য যে সকল প্রার্থী আবেদন করেছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

আবেদনকারীদেরকে সাক্ষাৎকারের জন্য আগামী ০৬/০৮/২০১৮ তারিখ সোমবার সকাল ১০:০০ টায় সকল পরীক্ষার মূল সার্টিফিকেটসহ উপাচার্যের অফিসে উপস্থিত থাকার অনুরোধ করা হলো। সাক্ষাৎকারের জন্য আলাদা কোন চিঠি ইস্যু করা হবে না।

এই পরীক্ষায় অংশগ্রহণের জন্য আপনার যাতায়াত বাবদ কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

(এ.এস.এম. জাহাঙ্গীর হোসেন)
ডেপুটি রেজিস্ট্রার
জুলাই ২৩, ২০১৮